গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
লালমোহন, ভোলা।
www.lalmohan.bhola.gov.bd

লালমোহন উপজেলা পরিষদের অক্টোবর/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি: বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ গিয়াস উদ্দিন আহম্মেদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লালমোহন, ভোলা।

তারিখ: ০৬/১০/২০২১ সময়: বেলা ১২.০০ টা।

- উপস্থিত সদস্যদের হাজিরা (সংশ্লিষ্ট রেজিস্টারে রক্ষিত)

উপস্থিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। এ সময় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধন না থাকায় সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী এলজিইডি সভাকে জানান যে ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপির) ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প দাখিল করার জন্য তিনি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করেন।<br>উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের (জাইকা) আওতায় ২০২১-২০২২ অর্থবছরে বরাদ্দকৃত ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার ৩টি অবকাঠামো এবং ৭টি দক্ষতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প বাস্তবায়নের প্রস্তাব করা হয়। অবকাঠামোগুলো হলো: ১. উপজেলার বিভিন্ন ইউনিয়নে কৃষি সেচ ড্রেন নির্মাণ বাবদ ১০ (দশ) লক্ষ টাকা (ক) ফরাজগঞ্জ ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডের কিশোরগঞ্জ মৌজায় মিনার মসজিদ সংলগ্ন পাকা ড্রেন নির্মাণ (খ) মহেষখালী মৌজায় পাকা ড্রেন নির্মাণ (গ) বদরপুর ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডে নবীনগর বাজারের পশ্চিম পার্শ্বে পাকা ড্রেন নির্মাণ (ঘ) চর টিটিয়া মৌজায় পাকা ড্রেন নির্মাণ (ঙ) লালমোহন ইউনিয়নের দক্ষিণ মেহেরগঞ্জ রাস্তার মাথার পূর্ব পার্শ্বে পাকা ড্রেন নির্মাণ (চ) চরভূতা ইউনিয়নের মিয়ার হাট খালের পূর্ব দিকে যার্ট দরুন পর্যন্ত পাকা ড্রেন নির্মাণ<br>২. উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ওয়াশব্লক বাবদ-২০ (বিশ) লক্ষ টাকা (ক) পূর্ব ধলিগৌরনগর দাখিল মাদ্রাসা (খ) নাজিরপুর দারুল আউলিয়া হোসাইনিয়া ফাজিল মাদ্রাসা (গ) বাংলা বাজার মাহমুদিয়া দাখিল মাদ্রাসা (ঘ) মায়ানগর নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ৩. উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ফার্নিচার (বেঞ্চ) | ১। সকল ইউপি চেয়ারম্যান দ্রুত এডিপি প্রকল্প দাখিল করতে হবে।<br><br>২। ২০২১-২০২২ অর্থবছরে গৃহিত উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের (জাইকা) কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী এলজিইডি, লালমোহন<br>২। চেয়ারম্যান, ইউপি (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | বাবদ ১০ (দশ) লক্ষ টাকা। শিক্ষা প্রতিষ্ঠানগুলো হলো (ক) দেবীরচর দাখিল মাদ্রাসা (খ) হোসনেয়ারা পৌর মাধ্যমিক বিদ্যালয় (গ) নুরুন্নবী চৌধুরী মহাবিদ্যালয়, (ঘ) গজারিয়া ইসলামিয়া ফাজিল মাদ্রাসা ৭টি দক্ষতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প বাবদ ১০ (দশ) লক্ষ টাকা। দক্ষতা বৃদ্ধি মূলক উপ-প্রকল্প গুলো হল: ১। কোভিড-১৯ এর প্রতিরোধে গঠিত উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড কমিটির সদস্যদের সচেতনতা/ পরামর্শ সম্পর্কিত প্রশিক্ষণ।<br>২। উচ্চমূল্যের ফসল (ড্রাগন ক্যাপসিকাম, গ্রীষ্মকালীন টমেটো,মাল্টা,আনার) চাষাবাদ পদ্ধতি ও পরিবেশবান্ধব কৃষি প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ ৩। মোটরযান চালকদের ট্রাফিক আইন ও নিরাপদ সড়ক বিষয়ক প্রশিক্ষণ ৪। উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের পিপিআর ও ইজিপি বিষয়ক প্রশিক্ষণ ৫। ডিজিটাল পদ্ধতিতে বিভিন্ন অ্যাপস ও তথ্য প্রযুক্তির ব্যবহার সম্পর্কে শিক্ষকদের হাতে-কলমে প্রশিক্ষণ ৬। নিরাপদ খাদ্য উৎপাদন ও বিক্রয় নিশ্চিতকরণে হোটেল ও রেঁস্তোরা সংশ্লিষ্টদের প্রশিক্ষণ ৭। উপজেলা পর্যায়ে বিভিন্ন স্কুল ও কলেজের গার্লস গাইড, রোভার স্কাউটদের দুর্যোগ পূর্ব প্রস্তুতি এবং পরবর্তী করণীয় সম্পর্কিত প্রশিক্ষণ। | | |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে তার বিভাগের কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান আছে। | সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম আরও গতিশীল করতে হবে। | ১। উপজেলা কৃষি অফিসার লালমোহন |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা জানান যে তার বিভাগের কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান আছে। লালমোহন হাসপাতালে ও ইউনিয়ন কমিউনিটি ক্লিনিকে স্বাস্থ্যবিধি মেনে টিকা দান কার্যক্রম চলমান আছে। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় প্রচারের ব্যবস্থা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | ১। টিকা দেওয়ার বিষয়ে স্ব স্ব ইউনিয়নে প্রচার প্রচারণা অব্যাহত রাখতে হবে।। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন<br>২। উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, লালমোহন<br>৩। চেয়ারম্যান, ইউপি (সকল) |
| আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইন-চার্জ, লালমোহন থানা জানান যে লালমোহন উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক রয়েছে। আসন্ন শারদীয় দূর্গাপূজা উদযাপনে সরকারি নির্দেশনা অনুযায়ি স্বাস্থবিধি মেনে চলার পরামর্শ প্রদান করেন। | শারদীয় দূর্গোৎসবে আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় পুলিশ মোতায়েন রাখতে হবে এবং স্বাস্থ্য বিধি মেনে উৎসব পালন করতে হবে। | ১। অফিসার ইন-চার্জ, লালমোহন থানা |
| প্রাণী সম্পদ. বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান যে লালমোহন. উপজেলায় ৬টি ইউনিয়ন (কালমা, ধলিগৌরনগর, চরভূতা, লালমোহন, ফরাজগঞ্জ ও পশ্চিম চরউমেদ) এ আই সেড নির্মাণের জন্য ইউনিয়ন পরিষদ সন্নিকটে স্থান নির্ধারণ করার অনুরোধ করা হয়। | কালমা, ধলিগৌরনগর, চরভূতা, লালমোহন, ফরাজগঞ্জ, পশ্চিম চরউমেদ ইউনিয়নে এ আই সেড নির্মাণের স্থান নির্ধারণ করতে হবে। | ১। উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, লালমোহন<br>২। চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউপি) |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে তার বিভাগের কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান আছে। গত ১২/০৯/২০২১ তারিখ থেকে মাধ্যমিক ও কলেজ পর্যায় স্বাস্থ্যবিধি মেনে পাঠদান কার্যক্রম চলছে। আসন্ন এস. | স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে পাঠদান এবং নকলমুক্ত পরিবেশে আসন্ন সকল পরীক্ষা সম্পন্ন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন<br>১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালমোহন |

| | | | |
|---|---|---|---|
| | এস. সি ও দাখিল এবং এইচ. এস সি ও আলিম পরীক্ষা সুষ্ঠু, সুন্দর, নকলমুক্ত পরিবেশে সম্পন্ন করার জন্য গুরুত্ব আরোপ করা হয়। | | |
| উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে তার বিভাগের কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান আছে। প্রাথমিক বিদ্যালয় গত ১২/০৯/২০২১ তারিখ থেকে স্বাস্থ্যবিধি মেনে পাঠদান কার্যক্রম চলছে। সকল শিক্ষা প্রতিষ্ঠান স্বাস্থ্যবিধি মেনে পাঠদান করে কিনা সে বিষয়টি নিশ্চিত করতে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করা হচ্ছে। | স্বাস্থ্যবিধি মেনে দূরত্ব বজায় রেখে পাঠদান এবং নিয়মিত পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা শিক্ষা অফিসার, লালমোহন |
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে উপজেলায় শতভাগ এম. আই. এস. কাজ সম্পন্ন হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে লালমোহন উপজেলায় ৪৩০টি প্রতিবন্ধী ভাতার বরাদ্দ পাওয়া গিয়েছে। বিভাজন অনুযায়ী সকল ইউপি চেয়ারম্যানকে সুবিধাভোগী নির্বাচন করে তালিকা দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | অতিদ্রুত ভাতা ভোগীদের তালিকা দাখিল করতে হবে। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>২। চেয়ারম্যান সকল ইউপি |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে ইলিশের প্রধান মৌসুম ০৪ অক্টোবর ২০২১ থেকে ২৫ অক্টোবর ২০২১ পর্যন্ত মোট ২২ দিন মেঘনা ও তেতুলিয়া নদীতে মা ইলিশ আহরণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও পরিবহন নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। উক্ত অবরোধ চলাকালীন সময়ে মেঘনা ও তেতুলিয়া নদীতে নিষেধাজ্ঞা কার্যক্রম বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | সরকার ঘোষিত সময়ে নিষেধাজ্ঞা কার্যক্রম বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন<br>২ উপজেলা মৎস্য কর্মকর্তা, লালমোহন<br>৩। চেয়ারম্যান ইউপি, (সকল) |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে তার বিভাগের কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান আছে। ২০২১-২০২২ অর্থবছরের সাধারণ পর্যায়ে কাবিখা/ কাবিটা সাধারণ ও বিশেষ ৪২,৪৬,৪৬০.৭৪/-টাকা, কাবিটা সাধারণ ও বিশেষ বরাদ্দ বাবদ ৮৯.৮৫৩ মে.টন চাউল এবং টিআর বাবদ ২১,৮৬,৪৭৬.৬৩/-টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। | অতিদ্রুত প্রকল্পের তালিকা দাখিল করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>২। চেয়ারম্যান, ইউপি (সকল) |
| মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে তার বিভাগের কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান আছে। | সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম আরও গতিশীল করতে হবে। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লালমোহন |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে তার বিভাগের কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান আছে। | সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম আরও গতিশীল করতে হবে। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লালমোহন |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে তার বিভাগের কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান আছে। | সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম আরও গতিশীল করতে হবে। | ১।উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, লালমোহন |
| বন বিভাগ | উপজেলা রেঞ্জ (বন) কর্মকর্তা জানান যে তার বিভাগের কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান আছে। | সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম আরও গতিশীল করতে হবে। | ১। উপজেলা রেঞ্জ (বন) কর্মকর্তা, লালমোহন |

| | | | |
|---|---|---|---|
| জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান যে তার বিভাগের কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান আছে। | সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম আরও গতিশীল করতে হবে। | ১। উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| বিবিধ আলোচনা | আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>(ক) উপজেলা পরিষদের জীপ গাড়ীটি মেরামত করার লক্ষ্যে প্রস্তুতকৃত প্রাক্কলন এবং বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করতে হবে।<br>(খ) জলবায়ু সহিষ্ণু অবকাঠামো প্রতিষ্ঠাকরণ প্রকল্পের মাধ্যমে লর্ডহার্ডিঞ্জ ইউনিয়নের (১) হাজী রশিদ আহাম্মেদ স: প্র: বি: (২) উত্তর পশ্চিম সৈয়দাবাদ স: প্র: বি: (৩) দক্ষিণ প্যারীমোহন স: প্র: বি: (৪) উত্তর পূর্ব ফাতেমাবাদ স: প্র: বি: এর নতুন ভবন নির্মাণের প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>(গ) উপজেলা পরিষদের বাসভবনসমূহ ব্যবহার অনুপযোগী হওয়ার কারণে ০১টি গেজেটেড ও ০১টি ননগেজেটেড বহুতল বিশিষ্ট ভবন বরাদ্দ পাওয়ার জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করতে হবে।<br>(ঘ) মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের আলোকে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বাস্তবায়নের জন্য গৃহীত হয়।<br>(১) উপজেলা ভূমি অফিসের রাস্তা নির্মাণ (২) মুগুরিয়া বাজারে মাটি ভরাট ও গভীর নলকূপ স্থাপন (৩) লর্ডহার্ডিঞ্জ সৈয়দাবাদ সৈয়দিয়া ইবতেদায়ী মাদ্রাসার ছাদ নির্মাণ (৪) চরভূতা ইউনিয়ন ভূমি অফিসের রাস্তা নির্মাণ (৫) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বিভিন্ন অংশ সংস্কার (৬) লর্ডহার্ডিঞ্জ বাজারের উত্তর পার্শ্বে আবুল কালাম মিয়ার বাড়ীর দরজায় সংলগ্ন বাজারের লেট্রিন নির্মাণ (৭) অহীদুন্নবী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের পানি উত্তোলনের জন্য বৈদ্যুতিক মটর ক্রয় (৮) হরিগঞ্জ বাজারের ল্যাট্রিন সংস্কার। | | |

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ গিয়াস উদ্দিন আহম্মেদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
লালমোহন, ভোলা।

স্মারক: ০৫.১০.০৯৫৪.০০০.০৫.০০১.২১ — ৪৮২ তারিখ: ০৬/১০/২০২১

অনুলিপি: (কার্যার্থে জ্ঞাতার্থে)

১. মাননীয় সংসদ সদস্য ১১৭, ভোলা-০৩
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. জেলা প্রশাসক, ভোলা
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমোহন, ভোলা
৫. মেয়র, লালমোহন পৌরসভা
৬. ভাইস চেয়ারম্যান/ (মহিলা) ভাইস- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমোহন, ভোলা
৭. উপজেলা....................................................... কর্মকর্তা (সকল) লালমোহন, ভোলা
৮. চেয়ারম্যান..................................................ইউপি (সকল) লালমোহন, ভোলা
৯. অফিস কপি

০১/১০/২০২১

উপজেলা নির্বাহী অফিসার
লালমোহন, ভোলা।